



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়



লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা

লালমাটিয়া, থানা-মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন: ৪৮১২০৭৯২, ৪৮১১৮৫৪৩, ০১৫৫৯০৮২১৫০, ই-মেইল: lalmatiagirlscollege@yahoo.com

স্মারক নং-

তারিখ: ২৬.০৫.২০২৪

## একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি শিক্ষাবর্ষ : ২০২৪-২০২৫

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত একাদশ শ্রেণির ভর্তির নীতিমালা-২০২৪ অনুযায়ী লালমাটিয়া সরকারি মহিলা কলেজে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য ২৬/০৫/২০২৪ থেকে ১১/০৬/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। কলেজ অভ্যন্তরে অনলাইনে আবেদন করার সু-ব্যবস্থা রয়েছে।

আবেদনের যোগ্যতা :

২০২২, ২০২৩ ও ২০২৪ সালে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ন্যূনতম নিম্নরূপ জিপিএ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

বিভাগ	ভার্সন	আসন সংখ্যা	ন্যূনতম জিপিএ
বিজ্ঞান	বাংলা	৩০০	৫.০০
ব্যবসায় শিক্ষা	বাংলা	২০০	৩.৫০
মানবিক	বাংলা	২০৫	৩.০০

অনলাইনে আবেদন করার লিংক: [www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd)

[www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd) লিংকে প্রবেশ করে শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। আবেদন ফি বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা পেমেন্ট গেইটওয়ে মাধ্যমে (সোনালী সেবা, মোবাইল ব্যাংকিং বিকাশ/নগদ/রকেট/উপায়) এর মাধ্যমে জমা দেয়া যাবে।

ভর্তির ফলাফল ৩টি পর্যায়ে বোর্ড কর্তৃক প্রক্রিয়াকরণ হবে। একজন শিক্ষার্থী তার মেধা ও পছন্দক্রমানুযায়ী একটি মাত্র কলেজের জন্য নির্বাচিত হবে। নির্বাচিত শিক্ষার্থীকে নিজেই অনলাইনে বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ৩৩৫/- (তিনশত পয়ত্রিশ) টাকা জমা দিয়ে ভর্তির প্রাথমিক নিশ্চয়ন করতে হবে। একজন শিক্ষার্থী সর্বোচ্চ দুই বার স্বয়ংক্রিয়ভাবে মাইগ্রেশনের জন্য বিবেচিত হবে, এক্ষেত্রে মাইগ্রেশন সর্বদাই শিক্ষার্থীর পছন্দক্রমানুসারে উপরের দিকে হবে।


ভর্তির তারিখ : ১৫/০৭/২০২৪ (সোমবার) থেকে ২৫/০৭/২০২৪ খ্রি. তারিখ (বৃহস্পতিবার) পর্যন্ত।

ক্লাস শুরু : ৩০ জুলাই ২০২৪ (মঙ্গলবার)

☑ উচ্চ মাধ্যমিক শ্রেণীতে প্রতি বছর প্রায় শতভাগ পাশের হার অর্জনকারী এ কলেজের বিশেষ বৈশিষ্ট্য : মাল্টিমিডিয়া পদ্ধতিতে পাঠদান, অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম, প্রতি ১০-১২ জন শিক্ষার্থীর জন্য একজন গাইড শিক্ষক, ১১০০ আসন বিশিষ্ট নিরাপদ ও স্বল্প ব্যয়ে আবাসিক সুবিধা, আধুনিক গবেষণাগার, স্বাস্থ্যসম্মত ক্যান্টিন, জিমনেসিয়াম, অত্যাধুনিক অডিটোরিয়াম, প্রশস্ত খেলার মাঠ, দেশী-বিদেশী বই সমৃদ্ধ আধুনিক লাইব্রেরি।

✓   
২৬/০৫/২০২৪  
অধ্যক্ষ

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ  
লালমাটিয়া, ঢাকা-১২০৭

  
২৬/০৫/২৪